দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 03 MAR 1989
পৃষ্ঠা 5 কলাম 3

# শিক্ষাঙ্গনে

## বরিশাল বি এম কলেজের সমস্যা

বরিশাল বিএম কলেজটি বর্তমানে বহুবিধ-সমস্যায় জর্জরিত। অপর্যাপ্ত শিক্ষকের অভাবে ছাত্-ছাত্রীদের পড়াশুনা দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। তাছাড়া ক্লাস রুমের অভাবে ঠিকমতো ক্লাস নেয়াও হচ্ছে না। তারপর মূল কলেজ ভবনটি পিডব্লুডি কর্তৃক পরিত্যক্ত হওয়ায় ক্লাস রুম সংকট আরও বৃদ্ধি পেয়েছে। এমনিতেই ক্লাস রুমের বড় অভাব, তারপর চেয়ার, টেবিল ও বেঞ্চের অভাবও রয়েছে। এসব অসুবিধার কারণে কলেজে ঠিকমত ক্লাস চলছে না। ফলে বাধ্য হয়ে বহু ছাত্র-ছাত্রী অন্যান্য কলেজে গিয়ে ভর্তি হচ্ছে। কলেজের বহুবিধ সমস্যার মধ্যে বিজ্ঞানাগারের সমস্যা প্রকট। প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। নেই পানির ব্যবস্থা। লাইব্রেরীতে নেই পর্যাপ্ত বই। লাইব্রেরীতে স্থানের সংকুলান হয় না। কলেজের ব্যায়ামাগারটি দীর্ঘদিন যাবৎ বিধ্বস্ত অবস্থায় পড়ে আছে। ব্যায়ামাগারে প্রয়োজনীয় কোন ইনস্টুমেন্ট নেই। কলেজে আসা-যাওয়ার জন্য একটি মাত্র বাস রয়েছে যা প্রয়োজনের তুলনায় অপর্যাপ্ত। তাও আবার সব রুটে চলে না। কলেজের ছাত্রাবাস সমস্যা দীর্ঘদিনের। ছাত্রদের জন্য ৬টি ছাত্রাবাস। এই সংখ্যা আরও বাড়ানো প্রয়োজন। টিনশেড একতলা হোস্টেলগুলো ভেঙ্গে বহুতলা হোস্টেল ভবন নির্মাণ করলে সহজেই এই সমস্যার সমাধান হবে। সংখ্যায় ছাত্রদের প্রায় অর্ধেক হলেও ছাত্রীদের জন্য কোন হোস্টেল নেই। মফঃস্বলের ছাত্রীরা হোস্টেলের অভাবে ভাড়া করা বাড়ী ও মেসে অবস্থান করছে। ফলে ছাত্রীদের বিভিন্ন অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। অতএব অন্ততঃপক্ষে একটি ছাত্রী হোস্টেল নির্মাণ প্রয়োজনীয় হয়ে পড়েছে। বরিশাল বিএম কলেজের শিক্ষক সমস্যা, ছাত্রাবাস সমস্যা এবং ক্লাস রুমের সমস্যাসহ যাবতীয় সমস্যার সমাধান হলে এ কলেজের ঐতিহ্য আবার ফিরে আসবে।

—সাইফুল হুদা (জাহেদী)